## B.A. Bengali (Honours & General)

## Program Specific Outcome (PSO) :

**PSO 1 :** স্নাতকস্তরে 'বাংলা ভাষা ও সাহিত্য'-এর সম্পূর্ণ Programme-টি শিক্ষণে বিদ্যার্থীরা যখন সাফল্য অর্জন করে তখন তাদের বাচনিক বাংলা, লেখারভাষা এবং পাঠরুচি অনেকখানি উন্নত হয়ে ওঠে।

**PSO 2 :** এই programme-টি শেষ করার পর বাংলা সাহিত্য এবং বাংলা ভাষাতত্ত্বের জ্ঞানকে প্রকাশ করার ক্ষমতা বৃদ্ধি পায়।

**PSO 3 :** এই programme-টি থেকে শিক্ষার্থীরা সাহিত্যের বিভিন্ন সংরূপকে পৃথকীকরণ করতে শিখবে সেইসঙ্গে প্রতিটি সংরূপের আঙ্গিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক প্রেক্ষাপট সম্বন্ধে সচেতন হয়ে উঠবে।

**PSO 4 :** এই programme-টি থেকে শিক্ষার্থীরা সাহিত্যের নানা সংরূপকে বিশ্লেষণ করতে, সমালোচনা করতে শিখবে। তাদের প্রকাশভঙ্গি, লিখনভঙ্গিও বিশ্লেষণাত্মক হয়ে উঠবে।

**PSO 5 :** বিভিন্ন সমালোচনা, বিশ্লেষণের সঙ্গে পরিচিত হয়ে শিক্ষার্থীরা শিখবে কোনও সাহিত্যপাঠকে কিভাবে পুনঃপাঠ প্রক্রিয়ায় প্রয়োগ করা যায়।

**PSO 6 :** এই programme শিক্ষার্থীদের শুধু সাহিত্যের সৌন্দর্যবোধ সম্পর্কে অবহিত করতে নয়, সেই সঙ্গে সামাজিক নীতিবোধ, সাংস্কৃতিক রুচিবোধ, যুক্তিপূর্ণ বিশ্লেষণী মানসিকতা গড়ে তুলবে।

**PSO 7 :** এই programme চার ধরনের ভাষাগত দক্ষতা তৈরী করবে—বাংলাভাষা সঠিকভাবে শোনা, শুদ্ধ বাংলা বলা, সঠিকভাবে বাংলা পড়া এবং সঠিক বাংলা লেখা।

**PSO 8 :** বিভিন্ন যুগের সাহিত্যিক আন্দোলন, সাংস্কৃতিক আন্দোলনের পাঠ শিক্ষার্থীদের মন ও মেধাকে পরিণত করবে।

**PSO 9 :** বাংলা ভাষা ও সাহিত্যের যুগবাহিত ধারাবাহিকতা শিক্ষার্থীদের ভাষা ও সাহিত্যের বিবর্তন সম্বন্ধে যেমন অবহিত করবে সেইসঙ্গে সমকালের সঙ্গে তুলনামূলক পর্যালোচনার দক্ষতাও শিক্ষার্থীদের গড়ে উঠবে।

**PSO 10 :** সর্বোপরি ধ্রুপদী সাহিত্য, জনপ্রিয় সাহিত্য, সমকালীন সাহিত্য এবং তার সঙ্গে মুদ্রিত, ইলেকট্রনিক্স, ডিজিট্যাল-গণমাধ্যম এবং আধুনিক সমাজমাধ্যমের সম্পর্ক নিয়েও শিক্ষার্থীরা সচেতন হবে। এইসব প্রাপ্তি থেকে নিশ্চিতভাবে বলা যায় যে, স্নাতকস্তরে আগামীদিনেও শিক্ষার্থীদের কাজে এই programme-টির গ্রহণযোগ্যতা সক্রিয় থাকবে।

## Program Learning Outcome (POs) in B.A. (Honours) Bengali

**শিক্ষার্থীরা স্নাতকস্তরের সাম্মানিক বাংলা পড়ে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে অবহিত হবে :**

PO.1 শিক্ষার্থীদের বাংলা সাহিত্যের আদি, মধ্য ও আধুনিক যুগ সম্পর্কে জানার পাশাপাশি সাহিত্যের রাজনৈতিক, সাংস্কৃতিক এবং আর্থসামাজিক প্রেক্ষাপট সম্পর্কে ধারণা হয়।

PO.2 বাংলা সাহিত্যের আদি, মধ্যযুগের ধর্মীয় পটভূমি সম্পর্কে জানে।

PO.3 সমায়ানুক্রমিক সাহিত্যের ইতিহাসের অনুশীলনে সমাজ জীবনের ধারাবাহিক বিবর্তন সম্পর্কে সচেতন হয়ে উঠবে।

PO.4 সাহিত্য-সংরূপের বিবর্তনের পাঠ, সাহিত্যের ক্রমবিকাশের ধারা সম্পর্কে অবহিত করবে।

PO.5 বিবিধ প্রেক্ষিতে বাংলা সাহিত্যের বিভিন্ন রচনার মাধ্যমে সমাজে নারীর অবস্থান সম্বন্ধে জানবে।

PO.6 পাঠ্য বিষয়গুলির মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক সম্পর্ক এবং নারী-পুরুষের মনোজগৎ সম্বন্ধে অবহিত হবে।

PO.7 পাঠ্য রচনাগুলির মধ্যে মানব চরিত্র ও মনস্তাত্ত্বিক ক্রিয়া-প্রতিক্রিয়ার বিশ্লেষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়।

PO.8 বিভিন্ন সামাজিক-রাজনৈতিক আন্দোলন যেমন সাহিত্যকে প্রভাবিত করে তেমনই সাহিত্যর দ্বারা সমাজ-রাজনীতিও প্রভাবিত হয়। (দৃষ্টান্ত-স্বরূপ উল্লেখ করা যায়,

নীলদর্পণ অথবা কাজী নজরুল ইসলামের কবিতা।) পাঠ্য সাহিত্যের মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক আন্দোলনের সম্পর্কে জানতে পারে।

PO.9 সাহিত্যতত্ত্ব, ছন্দ, অলঙ্কার, সাহিত্যের সংরূপ, সৌন্দর্যতত্ত্ব এবং ভাষাতত্ত্ব সম্পর্কিত অধ্যয়ন সাহিত্যপাঠের ভিত্তি রচনা করে।

PO.10 সাহিত্যের ভাষাশৈলী ও বিষয়-ভাবনা রচয়িতার জীবনদর্শনের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় ঘটায়।

PO.11 সাহিত্যিকদের জীবনদর্শন, রচনা-শৈলী, বিষয়-ভাবনার কালক্রমিক বিকাশ ও বিবর্তনের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় হয়।

Core Course for B.A. Bengali (Hons)

| S.No | POs | CC 1 | CC 2 | CC 3 | CC 4 | CC 5 | CC 6 | CC 7 | CC 8 | CC 9 | CC 10 | CC 11 | CC 12 | CC 13 | CC 14 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | PO1 | √ | | √ | √ | √ | | √ | √ | | √ | | √ | √ | √ |
| 2 | PO2 | √ | | | √ | | | | | | | | | | |
| 3 | PO3 | √ | | √ | √ | √ | | √ | √ | | √ | | √ | √ | |
| 4 | PO4 | | | | | | | | | √ | | √ | | | |
| 5 | PO5 | √ | | √ | √ | √ | | √ | √ | | | | √ | √ | |
| 6 | PO6 | | | √ | | √ | | √ | | | | | √ | √ | |
| 7 | PO7 | | | | √ | √ | | √ | | | | | √ | √ | |
| 8 | PO8 | | | | √ | | | √ | | | √ | | √ | √ | |
| 9 | PO9 | | √ | | | | √ | | | √ | | √ | | | |
| 10 | PO10 | | √ | √ | √ | | | √ | | | √ | | √ | √ | √ |
| 11 | PO11 | √ | | √ | √ | √ | | √ | √ | | √ | | √ | √ | √ |

Discipline Specific Elective(DSE) & Skill Enhancement Course(SEC) for B.A. Bengali (Hons)

| S.No | POs | DSE-A-5-1 | DSE-A-6-4 | DSE-B-5-1 | DSE-B-6-4 | SEC-A -3-2 | SEC-B -4-2 |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | PO1 | | | | √ | | |
| 2 | PO2 | | | √ | √ | | |
| 3 | PO3 | √ | | | √ | | |
| 4 | PO4 | | | | √ | √ | √ |
| 5 | PO5 | | | | √ | | |
| 6 | PO6 | | √ | | √ | | |
| 7 | PO7 | | | √ | √ | √ | √ |
| 8 | PO8 | √ | | | | | |
| 9 | PO9 | | | | √ | √ | √ |
| 10 | PO10 | | √ | √ | √ | √ | √ |
| 11 | PO11 | | √ | √ | √ | √ | √ |

## BNG-A-CC-1-1

### বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০)

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা ভাষা ও সাহিত্যের উদ্ভবের সময় থেকে ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিতি ঘটানো এই পাঠের উদ্দেশ্য।

২। বাংলা সাহিত্যের যুগবিভাগ সম্পর্কিত বিতর্ক ও সমাধান বিষয়ে আলোচনা।

৩। আদি ও মধ্যযুগের রাজনৈতিক, আর্থ-সামাজিক ও ধর্মীয় পটভূমি সম্পর্কে ধারণা।

৪। উপরোক্ত ধারণার ওপর ভিত্তি করে এই পর্বের সাহিত্যের বিবর্তন ও বিকাশ সম্পর্কে জ্ঞান লাভ।

৫। মধ্যযুগের সাহিত্য ও সংস্কৃতিতে চৈতন্যদেবের প্রভাব বিষয়ে অবহিত হবে।

## BNG-A-CC-1-2

### বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলাভাষা

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। এই কোর্স থেকে বাংলা ভাষাতত্ত্ব ও ধ্বনিতত্ত্ব সম্পর্কের ধারণা লাভ করবে ছাত্রীরা।

২। ভাষার প্রাথমিক ধারণা অর্থাৎ ধ্বনি, বর্ণ, অক্ষরের সংজ্ঞা ও পারস্পরিক সম্পর্ক বিষয়ে বিশদ ধারণা লাভ করবে ছাত্রীরা।

৩। বাংলা শব্দভাণ্ডার বিষয়ে বিশদ জ্ঞান লাভ করবে।

৪। ধ্বনি পরিবর্তনের ধারা, শব্দার্থ পরিবর্তনের ধারা বিষয়ে সম্যক ধারণা লাভ করবে।

৫। বাংলা উপভাষা বিষয়ে ধারণা।

৬। বাংলা ভাষার রূপতাত্ত্বিক আলোচনা অর্থাৎ ব্যাকরণ বিষয়ক আলোচনা ভাষার ভিত দৃঢ় করবে।

## BNG-A-CC-2-3

### বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। ঔপনিবেশিক আধুনিকতা বাঙালির জীবনচর্চা ও সাহিত্যে যে প্রভাব ফেলেছিল সেই সম্পর্কে ধারণা।

২। ঊনবিংশ শতাব্দীর কবিতা, নাটক ও কথাসাহিত্যের গতিপ্রকৃতির পরিচয়।

৩। সামাজিক বিবর্তনের প্রেক্ষিতে সাময়িকপত্রের উদ্ভব ও বিকাশ সম্পর্কে ধারণা।

৪। বাংলা গদ্যের গঠন, চর্চা ও বিবর্তনে শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের অবদান বিষয়ে ধারণা।

৫। ঊনবিংশ শতাব্দীর বাংলা কবিতা ও কথাসাহিত্যে নারীর প্রথম পদক্ষেপ সম্পর্কে জানা।

## BNG-A-CC-2-4

### বাংলা সাহিত্য-প্রবেশক পাঠ

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। প্রাচীনযুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত নির্বাচিত কবিতার সঙ্গে পরিচয়।

২। নির্বাচিত উপন্যাস ও ছোটগল্প অবলম্বনে শিক্ষার্থীদের রসাস্বাদনের প্রয়াস।

৩। ঔপনিবেশিক শাসনবিরোধী প্রথম নাট্যচর্চার নিদর্শন দীনবন্ধু মিত্রের নীলদর্পণের পরিচয়।

৪। নির্বাচিত প্রবন্ধ পাঠের মাধ্যমে নারীবিপ্লব, সৌন্দর্যতত্ত্ব, ব্যক্তিগত অনুভূতির শৈল্পিক প্রকাশ সম্পর্কের ধারণা।

## BNG-A-CC-3-5

### বাংলা সাহিত্যের ইতিহাস (বিংশ শতক)

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বিংশ শতাব্দী বাংলা সাহিত্যের গতিপথ একটা নতুন ভাবনা-চিন্তার জন্ম দিলো, যা এই কোর্সের মাধ্যমে ছাত্রীদের জানানো হয়।

২। সাহিত্যের বিভিন্ন শাখা যেমন কাব্য-কবিতা, নাটক, কথাসাহিত্য, প্রবন্ধ, সাময়িকপত্রের নির্বাচিত লেখক ও নির্বাচিত সাময়িকপত্রগুলির মাধ্যমে একটা শতাব্দীর রূপরেখা তুলে ধরা হয়েছে কোর্সে।

৩। আধুনিক বাংলা সাহিত্যের আধুনিকতার লক্ষণ এবং ক্রমবিবর্তিত বিষয় ও আঙ্গিকের সূত্র নির্দেশ করে এই কোর্স।

## BNG-A-CC-3-6

### ঐতিহাসিক ভাষাবিজ্ঞান

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষা হিসেবে বাংলাভাষার উদ্ভব ও বিকাশের প্রতিটি পর্যায়ের সঙ্গে পরিচয় হবে।

২। প্রতিটি পর্যায়ের ধ্বনিতাত্ত্বিক এবং রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য সম্বন্ধে জানতে পারবে।

৩। বাংলাভাষার প্রতিটি স্তরের বৈশিষ্ট্যগুলি প্রতিনিধিস্থানীয় সাহিত্যিক নিদর্শনের মাধ্যমে পরিস্ফুট হয় এই কোর্সে।

## BNG-A-CC-3-7

### কথাসাহিত্য

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। পাঠ্য উপন্যাস ও ছোটগল্প অবলম্বনে আধুনিক সময়ের জটিলতা, ব্যক্তি, মানুষ ও সমাজের দ্বন্দ্ব সম্পর্কে পরিচয়।

২। বাঙালির পারিবারিক জীবনে নারীর অবস্থান ও সংকট সম্বন্ধে ধারণা।

৩। পরিবেশ ও প্রতিবেশ সম্পর্কিত ভাবনা এবং মানুষের অস্তিত্ব রক্ষার সংকট সম্বন্ধে পড়ুয়ারা পরিচিত হবে।

৪। রবীন্দ্রনাথ ও রবীন্দ্র-উত্তর কথাসাহিত্যে মনস্তাত্ত্বিক জটিলতার সঙ্গে পরিচয় ঘটবে শিক্ষার্থীদের।

## BNG-A-CC-4-8

### প্রাগাধুনিক সাহিত্য

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। প্রাগাধুনিক সাহিত্যের এই কোর্সটির মাধ্যমে শিক্ষার্থীরা বাঙালীর সমাজ ও ধর্ম-সংস্কৃতির বিবর্তনের গতিরেখাটিকে অনুধাবন করবে।

২। বৈষ্ণব ও শাক্তসাহিত্যের অন্তর্ভুক্ত তাত্ত্বিক দর্শন সম্বন্ধে অবহিত হবে।

৩। “কবিকঙ্কন চণ্ডী” অবলম্বনে মধ্যযুগের একটি পূর্ণাঙ্গ ধর্মীয় আখ্যানের সঙ্গে পরিচিত হবে।

## BNG-A-CC-4-9

### ছন্দ, অলঙ্কার ও কাব্যতত্ত্ব

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। এই পাঠক্রমের মাধ্যমে বাংলা ছন্দ সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হতে পারবে।

২। বাংলা ছন্দের বিভিন্ন শ্রেণীবৈচিত্র্য ও তাদের বৈশিষ্ট্য বিষয়ে জ্ঞানলাভ করতে পারবে।

৩। বাংলা অলংকার সম্পর্কে সম্যক জ্ঞানলাভ করতে পারবে।

৪। সাহিত্যের মূলতত্ত্ব বিষয়ে বোধ পরিচিতি লাভ করতে পারবে।

৫। সংস্কৃত কাব্যতত্ত্ব ও পাশ্চাত্যের অনুকরণতত্ত্ব সম্পর্কে পড়ানো হয়।

## BNG-A-CC-4-10

### প্রবন্ধ ও বিধির রচনা

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। উনিশ শতকের মধ্যভাগের বাঙালি প্রাবন্ধিকদের নির্বাচিত রচনার মাধ্যমে শিক্ষার্থীদের সমকালীন দর্শনচিন্তার সঙ্গে পরিচয় হবে।

২। পত্রসাহিত্যের নিদর্শন হিসেবে রবীন্দ্রনাথের ছিন্নপত্রের মাধ্যমে বিশ্ববোধের এক অনন্যরূপের সঙ্গে পরিচয় হবে।

৩। ব্যক্তিগত প্রবন্ধের নিদর্শন হিসেবে বঙ্কিমচন্দ্রের কমলাকান্তের দপ্তরের নির্বাচিত রচনার সঙ্গে পরিচিত হবে।

৪। রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব সম্বন্ধে পরিচিত হবে তাঁর সাহিত্য গ্রন্থের নির্বাচিত প্রবন্ধের মাধ্যমে।

৫। সমালোচনার বিবিধ সংরূপের সঙ্গে পরিচয় করানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত ‘একালের সমালোচনা সঞ্চয়ন’ গ্রন্থ অবলম্বনে।

## BNG-A-CC-5-11

**সাহিত্যের রূপ ও রীতি**

**(Credit-6)**

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। সাহিত্যের রূপবৈচিত্র্য ও গঠনরীতি সম্পর্কে এই কোর্সে ধারণা দেওয়া হবে।

২। কবিতা, নাটক, কথাসাহিত্য, প্রবন্ধ, সমালোচনার বিভিন্ন সংরূপের পরিচয়, দৃষ্টান্ত এবং দৃষ্টান্তের বিশ্লেষণ প্রক্রিয়া শিক্ষার্থীরা জানবে।

৩। সাহিত্যের প্রায় সমস্ত সংরূপের গঠনশৈলী তথা আঙ্গিক সম্পর্কে শিক্ষার্থীরা জানবে।

৪। বিবিধ সাহিত্যে সংরূপের বিবর্তনের গতিপ্রকৃতি সম্বন্ধে ছাত্রীদের ধারণা হবে।

## BNG-A-CC-5-12

**নাটক ও নাট্যমঞ্চ**

**(Credit-6)**

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা নাটক বাংলা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ শাখা। নির্বাচিত নাটকগুলি পড়ানোর মধ্যে দিয়ে এই শাখাটির সঙ্গে পরিচয় ঘটানো হয়।

২। বিভিন্ন সময়ে রচিত বিশিষ্ট নাট্যকারদের নির্বাচিত নাটকগুলির মধ্যে দিয়ে দর্শন, সমাজভাবনা, রাজনৈতিক অবস্থা সম্পর্কে অবহিত করা হয়।

৩। বাংলার সংস্কৃতির অন্যতম বিকাশক্ষেত্র রঙ্গমঞ্চ। ঐতিহ্যবাহী বঙ্গরঙ্গমঞ্চের সূচনাকাল থেকে নবনাট্যের কাল পর্যন্ত নানান উত্থান-পতন, গৌরব ও নিয়ন্ত্রণের ইতিহাস এই কোর্সের মধ্য দিয়ে জানতে পারে।

## BNG-A-CC-6-13

## আধুনিক বাংলা কাব্য-কবিতা

## (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। ঔপনিবেশিক আধুনিকতা, দু'টি বিশ্বযুদ্ধ, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন, সারা বিশ্বের নানা সাহিত্যিক-শিল্প-সাংস্কৃতিক আন্দোলন বাংলা কবিতাকে কিভাবে পথ দেখিয়েছিল তা পাঠ্য রচনাগুলি অবলম্বনে শিক্ষার্থীরা জানতে পারবে।

২। মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্য'টি নির্বাচন করা হয়েছে পত্রকাব্যের শৈলী এবং ঊনবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে নারী সম্পর্কে কবির বিশেষ দৃষ্টিভঙ্গির সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় ঘটানোর জন্য।

৩। রবীন্দ্রনাথের 'সোনারতরী', নজরুল ইসলামের 'সঞ্চিতা' কাব্যগ্রন্থের নির্বাচিত কবিতাগুলির মাধ্যমে শিক্ষার্থীরা রোমান্টিক গীতিকবিতার বিবিধ ভাবনার সঙ্গে পরিচিত হবে।

৪। কলিকাতা বিশ্ববিদ্যালয় সংকলিত 'একালের কবিতা সঞ্চয়ন' গ্রন্থের নির্বাচিত কবিতার মাধ্যমে রবীন্দ্র-উত্তর বাংলা কবিতা, স্বাধীনতা-উত্তর বাংলা কবিতায় নতুনত্বের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে।

## BNG-A-CC-6-14

## সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস

## (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা সাহিত্যের সামগ্রিক পরিচয় পাওয়ার পর শিক্ষার্থী সংস্কৃত, ইংরেজি এবং প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস সম্পর্কে প্রাথমিক পরিচয় অর্জন করবে।

২। সংস্কৃত সাহিত্যের কালিদাস, ভবভূতি, বাণভট্ট, শূদ্রক, জয়দেব প্রমুখ কবি ও নাট্যকারদের সঙ্গে পরিচয় হবে এবং সেই সঙ্গে বাংলা সাহিত্যের মধুসূদন, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, বিহারীলাল প্রমুখের রচনায় এঁদের প্রভাব সম্পর্কে জানবে।

৩। ইংরেজি সাহিত্যের নাটক, কাব্য ও কথাসাহিত্যের প্রতিনিধিস্থানীয় রচয়িতাদের অবদান সম্পর্কে অবহিত হবে শিক্ষার্থীরা। বাংলসাহিত্যের নাট্যকার, কবি ও কথাসাহিত্যিকদের তাঁদের প্রভাব সম্বন্ধেও জানবে।

৪। হিন্দী সাহিত্যের কবি ও কথাসাহিত্যিকদের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে। হিন্দী সাহিত্যের রচয়িতাদের সঙ্গে বাংলার সাহিত্যিকদের তুলনামূলক বিচার করতে শিখবে।

৫। এই কোর্সটির সাহায্যে শিক্ষার্থীরা সাহিত্যের তুলনামূলক সমালোচনার (comparative study) পদ্ধতি সম্বন্ধে অবগত হবে।

## BNG-A-DSE-A-5-1

### বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা ভাষা ও সাহিত্যের সূচনাকাল থেকে আধুনিক কাল পর্যন্ত বাঙালি জাতির সংস্কৃতির ইতিহাস এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা জানতে পারে।

২। চৈতন্যদেবের প্রভাব বাংলার সাহিত্য ও সংস্কৃতির ইতিহাসকে বিশেষভাবে প্রভাবিত করেছিল ও এক নতুন পথের যে দিশা দেখিয়েছিল শিক্ষার্থীরা তা এই কোর্সের মাধ্যমে জানতে পারে।

৩। ঔপনিবেশিক আধুনিকতার প্রকাশ, বিবিধ আন্দোলনের ইতিহাস। সভা-সমিতি কতটা প্রভাব ফেলেছে সংস্কৃতির ইতিহাসে তা জানিয়ে দেয় শিক্ষার্থীদের এই কোর্সটি।

## BNG-A-DSE-A-6-3

### বাংলা গোয়েন্দাসাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি

### (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। সাহিত্যের আস্বাদনে পাঠকের এক বিশেষ অভ্যাস তৈরি হয়ে ওঠে গোয়েন্দাগল্প, কল্পবিজ্ঞানের কাহিনি অথবা ভূতের গল্পের মধ্য দিয়ে।

২। কল্পবিজ্ঞানের কাহিনির সঙ্গে পরিচয় করানো হয় সত্যজিৎ রায়ের 'শঙ্কু সমগ্র'-এর নির্বাচিত গল্পের মাধ্যমে।

৩। লীলা মজুমদারের 'সব ভুতুড়ে' পাঠ্য করা হয়েছে ব্যতিক্রমী ভূতের গল্পের সঙ্গে পরিচয় করানোর জন্য।

## BNG-A-DSE-B-5-1

## বাংলা শিশু-কিশোর সাহিত্য

## (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলা শিশু-কিশোর সাহিত্যের সুগভীর ঐতিহ্য রয়েছে। পাঠক্রমের শৃঙ্খলার সূত্রে শিক্ষার্থীরা সেই সাহিত্যের নির্বাচিত কিছু পাঠের সঙ্গে পরিচিত হয়ে সমৃদ্ধ হবে।

২। ‘ঠাকুরমার ঝুলি’-র নির্বাচিত গল্পের এবং অবনীন্দ্রনাথের ‘ক্ষীরের পুতুল’-এর পাঠ শিক্ষার্থীদের মৌখিক লৌকিক রূপকথা এবং আধুনিক লিখিত রূপকথার তুলনামূলক পরিচয় দেবে।

৩। সুকুমার রায়ের ‘আবোল তাবোল’ আর অন্নদাশঙ্কর রায়ের ‘ছড়াসমগ্র’-র নির্বাচিত ছড়াগুলি শিক্ষার্থীদের আধুনিক ছড়ার বৈচিত্র্য সম্বন্ধে জানাবে। নির্বাচিত ছড়াগুলির মধ্যে সমকালীন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক প্রভাব সম্বন্ধেও শিক্ষার্থীরা অবহিত হবে।

৪। সত্যজিৎ রায়ের ছোটদের জন্য লেখা প্রথম গোয়েন্দা কাহিনী, সুনীল গঙ্গোপাধ্যায়ের নির্বাচিত কাহিনীর মাধ্যমে শিক্ষার্থীরা গোয়েন্দা কাহিনীর শৈলীর সঙ্গে পরিচিত হবে।

## BNG-A-DSE-B-6-4

## লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

## (Credit-6)

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। বাংলার সমৃদ্ধ লোক ঐতিহ্য ও লোকসংস্কৃতির সঙ্গে নির্বাচিত পাঠের মাধ্যমে ছাত্রীদের পরিচয় করানো হবে।

২। লোকসাহিত্য, লোকসঙ্গীত, লোকনৃত্য এবং বাংলার ব্রতকথা ইত্যাদি বিভিন্ন শাখার সঙ্গে ছাত্রীদের পরিচয় করানো হবে।

৩। লোককথা পাঠের টাইপ ও মোটিফ ইনডেক্স-এর বৈশিষ্ট্য এবং প্রয়োগের প্রাথমিক শিক্ষা লাভ করবে বিদ্যার্থীরা।

৪। লোকসংস্কৃতি এবং লোকসাহিত্যের স্বরূপ ও দৃষ্টান্ত সম্বন্ধে সাধারণ পরিচয় হবে।

## BNG-A-SEC-A-3-2

**ব্যবহারিক বাংলা-১**

**(Credit-2)**

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। যে সব পড়ুয়া নাটক, সিনেমা-সিরিয়ালকে কিংবা বাচিক শিল্পকে ছাত্রজীবনের পরে পেশা হিসেবে গ্রহণ করতে চাইবে, তাদের এই কোর্সটির পাঠ সাহায্য করবে।

২। গল্পসূত্র থেকে কাহিনী নির্মাণ, কথাসাহিত্যের নাট্যরূপ দান কিভাবে করতে হয় তা শিখবে।

৩। সাহিত্য ও চলচ্চিত্রের পারস্পরিক সম্পর্ক বিষয়ে অবহিত হবে।

৪। বাংলা সাহিত্যের প্রতিনিধিস্থানীয় নির্বাচিত রচনার চলচ্চিত্রায়ণ কিভাবে করা হয়েছে তা জানবে শিক্ষার্থীরা।

## BNG-A-SEC-B-4-2

**ব্যবহারিক বাংলা-২**

**(Credit-2)**

**Course Learning Outcomes (COs) :**

**এই কোর্সটি থেকে ছাত্রীরা যে যে বিষয়ে উপকৃত হবে :**

১। গল্প লেখা এবং প্রবন্ধ রচনার মতো সৃজনশীল চর্চায় শিক্ষার্থীদের এই কোর্সটির মাধ্যমে উৎসাহী করা হবে।

২। উনিশ শতক থেকে বাংলা বানান সম্পর্কে যেসব তত্ত্ব, তর্ক-বিতর্কের চর্চা হয় তার সম্বন্ধে পড়ুয়াদের পরিচয় করানো হয়।

৩। বাংলা বানান উনিশ শতক থেকে যেভাবে বিবর্তিত হয়েছে তা জানানো হয়।

৪। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা ও রোমীয় লিপি সংক্রান্ত ব্যবহারিক জ্ঞান অর্জনের সুযোগ দেওয়া হয়েছে এই কোর্সটিতে।